



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ভর্তি বিজ্ঞপ্তি

কলেজ কোড-৬৫৬৮

সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম ২০২৫-২৬ শিক্ষাবর্ষে (এক বছর মেয়াদি, দুই সেমিস্টার) ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করছে।

১. আবেদনকারীর যোগ্যতা: ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে দুই/তিন বছর মেয়াদি স্নাতক (পাশ) অথবা তিন/চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০০ পেতে হবে।

২. আসন সংখ্যা: ৫০

৩. আবেদন প্রক্রিয়া:

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে অনলাইনে 'প্রাথমিক আবেদনপত্র' পূরণ করতে হবে। অনলাইনে 'প্রাথমিক আবেদনপত্র' পূরণ এবং এর প্রিন্ট কপি সংগ্রহ করার শেষ তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৫।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাথমিক আবেদন করার পর প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর মোবাইল ব্যাংকিং-এর বিকাশ ০১৯৭৮৮১৮৮৫৬ নম্বরে ৬০০ (ছয়শত) টাকা প্রেরণ করতে হবে। রেফারেন্সে প্রাথমিক আবেদনের রোল নম্বর লিখতে হবে। ট্রানজেকশন আইডি সংরক্ষণ করতে হবে।

গ. এরপর ভর্তিচ্ছু শিক্ষার্থী 'ঘ' নির্দেশনা অনুসরণ করে পিআইবি'র ওয়েবসাইট (www.pib.gov.bd) থেকে 'ভর্তি আবেদন ফরম' পূরণ করবেন। পূরণ শেষে Submit বাটন চাপ দিয়ে প্রক্রিয়া সম্পন্ন করবেন। ভর্তি সম্পন্ন হলে ৭২ ঘণ্টার মধ্যে ০১৯৭৮৮১৮৮৫৬ নম্বর থেকে নিশ্চিতকরণ বার্তা পাঠানো হবে।

ঘ. আবেদনের পূর্বে অবশ্যই নিম্নলিখিত কাগজ সঙ্গে রাখতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদনকৃত 'প্রাথমিক আবেদনপত্র'-এর পিডিএফ কপি (শিক্ষার্থীর স্বাক্ষরসহ ও স্বাক্ষরবিহীন)
- পাসপোর্ট আকারের রঙিন ছবি (সফট কপি)
- স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সনদ, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত স্ক্যান কপি (পিডিএফ)
- দ্বৈত ভর্তি না হওয়া সংক্রান্ত অস্বীকারনামার স্বাক্ষরিত কপি (পিডিএফ)
- সংবাদপত্র, বিজ্ঞাপনী সংস্থা ও অন্যান্য গণমাধ্যম প্রতিষ্ঠানে সাংবাদিকতা ও গণযোগাযোগ-সংশ্লিষ্ট পেশায় নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্রের পিডিএফ কপি (প্রযোজ্য ক্ষেত্রে)

ঙ. পিআইবি ওয়েবসাইটে অনলাইন আবেদন করার শেষ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৫

৪. কোর্স ফি বাবদ ১৬,০০০ (ষোলো হাজার) টাকা এককালীন দিতে হবে। (পরীক্ষার ফি ব্যতীত)

ক্লাস: শুক্র ও শনিবার, সকাল ৯টা-বিকাল ৫টা (ক্লাসের সময় পরিবর্তনযোগ্য, ক্লাস শুরু তারিখ পরে জানানো হবে)

যোগাযোগ:

সমন্বয়কারী, সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম

মোবাইল: ০১৯৭৮৮১৮৮৫৬ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০

ওয়েবসাইট: www.pib.gov.bd

মহাপরিচালক ও অধ্যক্ষ
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)